# আল-আন'আম | Al-An'am | ٱلْأَنْعَام

আয়াতঃ ৬ : ১১৭

## আরবি মূল আয়াত:

اِنَّ رَبَّكَ هُوَ اَعلَمُ مَن يَّضِلُّ عَن سَبِيلِهٖ وَ هُوَ اَعلَمُ بِالمُهتَدِينَ ﴿۱۱۷﴾

## অনুবাদসমূহ:

নিশ্চয় তোমার রব অধিক অবগত তার সম্পর্কে, যে তাঁর পথ থেকে বিচ্যুত হয় এবং তিনি অধিক অবগত হিদায়াতপ্রাপ্তদের সম্পর্কে। — আল-বায়ান

তোমার রব্ব খুব ভাল করেই জানেন কে তাঁর পথ থেকে ভ্রষ্ট হয়ে গেছে আর তিনি হিদায়াতপ্রাপ্তদের সম্পর্কেও সর্বাধিক অবহিত। — তাইসিরুল

কোন্ ব্যক্তি আল্লাহর পথ হতে বিভ্রান্ত হয়েছে তা তোমার রাব্ব নিশ্চিতভাবে অবগত আছেন, আর তিনি তাঁর পথের পথিকগণ সম্পর্কেও খুব ভালভাবে জ্ঞাত রয়েছেন। — মুজিবুর রহমান

Indeed, your Lord is most knowing of who strays from His way, and He is most knowing of the [rightly] guided. — Sahih International

১১৭. নিশ্চয় আপনার রব, কে তার পথ ছেড়ে বিপথগামী হয় সে সম্বন্ধে অধিক অবগত। আর সৎপথে যারা আছে, তাদের সম্বন্ধেও তিনি অধিক অবগত।

-

তাফসীরে জাকারিয়া

(১১৭) তাঁর পথ ছেড়ে যে বিপথগামী হয় নিশ্চয়ই তোমার প্রতিপালক সে সম্বন্ধে সবিশেষ অবহিত এবং সৎপথের পথিকগণ সম্বন্ধেও তিনি খুব জানেন।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=906

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন